



gubweK mnvqZv I mvov c0vtbi Ask wntmte, BDwb†m†di Aw_℞ I Kwí Mwí mn†hwMzVq 0wkÿv cK†í i 0 Avl Zvq †Kv÷ U†÷ †i vnr½v wki † i c0K c0_wgK Ges Abvb†vwbK wkÿv c0vb Ki †Q| 8wU K'v†mú †Kv÷ U††÷ i 80 wU j wvb†mUvi i †q†Q †hLv†b 6697 Rb wkÿv_r@Avb` `vqK cwí †e†k gvbm†Z wkÿv M†Y Ki †Q|

wk†K† i `†Zv e††Z cwk††Y

'সব সময় শিখার চেষ্টা করতে হবে: ক্যাম্প ইনচার্জ'



প্রশিক্ষার্থীদের মাঝে বক্তব্য প্রদান করছেন ক্যাম্প ইনচার্জ। ছবি: সালাউদ্দিন (পিও)

কোস্ট শিক্ষা প্রকল্প স্থানীয় শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্যে ৫ দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করেছে। কোস্ট কক্সবাজার আঞ্চলিক অফিসে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ১২ অক্টোবর শুরু হয়ে প্রশিক্ষণ চলে ১৬ সেপ্টেম্বর সন্ধ্যা পর্যন্ত। পাঁচ দিন ব্যাপী এই প্রশিক্ষণে ১৩ জন স্থানীয় শিক্ষক এবং একজন প্রোগ্রাম অর্গানাইজার অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন ক্যাম্প-১ এর দায়িত্বরত কর্মকর্তা মাহফুজুর রহমান। উদ্বোধনী ভাষণে মাহফুজুর রহমান শিক্ষকদের বিভিন্ন বিষয়ে উপদেশ প্রদান করেন। মাহফুজুর রহমান বলেন- 'একজন শিক্ষককে সব সময় শিখার মধ্যে থাকতে হয়। রোহিঙ্গাদের সংস্কৃতি এবং মায়ানমারের ইতিহাস সম্পর্কে জানতে হবে। তাদের মায়ানমারের কথা স্মরণ করিয়ে দিতে হবে।' তিনি আরও বলেন- 'আপনারা যে পেশায় আছেন সে পেশাকে ভালোবাসতে হবে। তাহলে শিক্ষকতা পেশায় কাজ করে আনন্দ পাবেন।'

এছাড়াও মিটিংয়ে কোস্ট কক্সবাজার আঞ্চলিক প্রধান জাহাঙ্গির আলম এবং রোহিঙ্গাদের ত্রাণ এবং পুনর্বাসন কার্যক্রম প্রধান শাহিনুল ইসলাম সোহাগ উপস্থিত ছিলেন। কোস্ট শিক্ষা টিমের টেকনিক্যাল অফিসার মোহাম্মদ

রোহিঙ্গা ধর্মী নেতাদের ওরিয়েন্টেশন সম্পূর্ণ

রোহিঙ্গা শিশুদের শিক্ষা, লার্নিং সেন্টার সুরক্ষা, মক্ভব ও লার্নিং সেন্টারের সময় সম্পর্কে ধারণা প্রদান এবং কোভিড-১৯ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার জন্যে রোহিঙ্গা ধর্মী নেতাদের নিয়ে কোস্ট শিক্ষা প্রকল্প ওরিয়েন্টেশন সম্পূর্ণ করেছে। সাতটি ক্যাম্পে মোট ১১০ জন ইমাম এবং মক্ভবের শিক্ষক এতে উপস্থিত ছিলেন।

ক্যাম্প-১৬, ব্লক ই-১১ এর ইমাম আব্দুল্লাহ মতামত জানাতে গিয়ে বলেন- 'আমরা জুমার খোতবাত করোনা ভাইরাস লই আলোচনা গরি। আজিয়ার আলোচনাত আরও বেশি গুরুত্ব বুজ্জি। এহনতুন এই সবও আলোচনা গইজ্জম।'

ক্যাম্প ৮, বি-৪ এর মক্ভরোও শিক্ষক আয়াস আহমেদ বলেন- 'আমাদের সন্তানদের ধর্মীয় শিক্ষার পাশাপাশি সাধারণ শিক্ষাও গ্রহণ



ক্যাম্প-২র পিও ধর্মীয় নেতাদের সাথে আলোচনা করছেন। ছবি: শাহরাজ

করতে হবে। তারা শিক্ষিত হলেই আমাদের কষ্ট কমবে।' রোহিঙ্গা ধর্মীয় নেতাদের নিয়ে আয়োজিত এই ওরিয়েন্টেশন ২৪ অক্টোবর শুরু হয়ে শেষ হয় ২৯ অক্টোবর। প্রতি লার্নিং সেন্টার থেকে ২ জন ধর্মীয় নেতা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশন পরিচালনা

Qwe Ni



wkÿKi v wkÿv_†† i emo emo m††q K†i vbv f†vBi vm m†††K††PZb Ki †Q|



wkÿv_††v Qwe G†K†wkÿK †† em cij b Ki †Q|



gvmK wkÿK w†U††q Dc†††Zi GKvsk|

`fhwM Kvj xb mgtq Ki Yxq wbtq AswkRbt` i ctkY

কোস্ট শিক্ষা প্রজেক্ট দুর্যোগকালীন সময়ের প্রস্তুতি উপলক্ষে অংশীজনদের নিয়ে প্রশিক্ষণ সম্পূর্ণ করেছে। কোভিড-১৯ এর কারণে প্রত্যেক লার্নিং সেন্টার থেকে মাত্র ৩ জন করে ৮০টি এলসি থেকে মোট ২৪০ জন অংশীজন এতে অংশগ্রহণ করেন। প্রতিটি ক্যাম্প আলাদা আলাদাভাবে দুইভাগে এই প্রশিক্ষণ পরিচালনা করেন। অংশগ্রহণকারীদের মধ্যে মাঝি, লার্নিং সেন্টার ম্যানেজম্যান্ট কমিটির সদস্য এবং অভিভাবক উপস্থিত ছিলেন। সকাল ১০ টা থেকে শুরু হয়ে শেষ হয় দুপুর ২টায়।

লার্নিং সেন্টারের শিক্ষক ও লার্নিং সেন্টার পরিচালনা কমিটির সদস্যদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি করা যাতে তারা দুর্যোগ প্রস্তুতি ও দুর্যোগ ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করতে পারে, লার্নিং সেন্টারের দুর্যোগ ঝুঁকি হ্রাস ও আপদকালীন পরিকল্পনা প্রণয়ন করা, একটি পরিকল্পনা তৈরি করা যাতে দুর্যোগ প্রস্তুতি ও ঝুঁকি হ্রাস এবং পানি ও পয়ঃনিষ্কাশন, স্বাস্থ্য ও পুষ্টির সচেতনতামূলক কার্যক্রমগুলো সারা বছরব্যাপী সক্রিয় থাকে এই উদ্দেশ্যে অংশীজনদের নিয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

ctkYi tkf! AswkRbtv Zvt` i gZigZ c0vb Kti b| K'vw-14 Gi we/2 etMi c0vb gms mtq` Avj g etj b- gqvbgvi t_K era` ntq Avg iv evsj vt` tk Avktq wbtq| GUv Avgt` i Rxtb GKUv eo `fhwM hZw` b Avg iv evgvd`ti tktZ cri e bv



সিসিডিআরআর প্রশিক্ষণে আলোচনা করছেন টিও জাবেদুল ইসলাম। ছবি: মিজান(পিও)



অভিভাবকদের সমাবেশে উপস্থিত মায়েদের একাংশ। ছবি: জিলানি (পিও)

নিয়মিত প্রশিক্ষণে পরিবর্তন হচ্ছে রোহিঙ্গা মায়েদের আচরণ বৃদ্ধি পাচ্ছে নারীদের উপস্থিতি দিন দিন

কোস্ট শিক্ষা প্রকল্পের পরিচালিত প্রশিক্ষণ এবং বিভিন্ন সভা রোহিঙ্গা নারীদের আচরণে পরিবর্তন নিয়ে আসছে। বিভিন্ন সময় আয়োজিত সভা সমাবেশে নারীদের উপস্থিতি বৃদ্ধি পাচ্ছে।

রোহিঙ্গা নারী শিশুরা কিশোরী হওয়া বা প্রাপ্ত বয়স্ক হওয়াকে 'মাথায় কাপড়' দেওয়া বলে। 'মাথায় কাপড়' দেওয়ার পর তাঁরা আর ঘর থেকে বের হয় না। রোহিঙ্গা সংস্কৃতিতে দীর্ঘদিন ধরে এই রীতি চলে আসছে। ২০১৭ সালে বাংলাদেশে আসার পর তাদের মধ্যে এই রীতি উল্লেখযোগ্য হারে বেশি ছিল। ইদানিং তাদের চিন্তায় পরিবর্তন দেখা যাচ্ছে।

সাম্প্রতিক সময়ে কোস্ট শিক্ষা প্রকল্প বেশ কিছু প্রশিক্ষণ এবং মিটিংয়ের আয়োজন করেছেন। এই সমস্ত মিটিং এবং প্রশিক্ষণে নারীদের উপস্থিতি চোখে পড়ার মতো। অভিভাবক শিক্ষা কার্যক্রমে প্রতি লার্নিং সেন্টার থেকে ১০ জন করে মোট ৭৩ টি লার্নিং সেন্টারে প্রায় ৭৩০ জন অভিভাবক উপস্থিত হন। এর মধ্যে প্রায় ৪৪০ জন নারী অংশগ্রহণ করেন। যা শতাংশের হিসাবে ৬০%।

এছাড়াও কমিনিটি ডায়ালগ এবং সিসিডিআরআর কার্যক্রমেও

gwmK cwi Ki bnNbtft 2020

i we	imva	a1/2i	en	en:	i i a	kwb
1/Gj mm tgi vgZ	২/মিটিং	৩/এলসিএমসি	৪/এলসিএমসি	৫/এলসিএমসি	৬	৭/এলসিএমসি
8/AwffieK ctk	৯/অভিভাবক প্রশি	১০/শিক্ষক মিটিং	১১/শিক্ষক মিটিং	১২/অভিভাবক প্রশি	১৩	১৪/ক.ডা
15/Bvgv ctkY	১৬/শিক্ষক মিটিং	১৭/শিক্ষক মিটিং	১৮/শিক্ষক মিটিং	১৯/এলসিএমসি	২০	২১/বা.শি.মি
22/Kwg.Wv	২৩/কমি.ডা	২৪/কমি.ডা	২৫/কমি.ডা	২৬/টিজি মূল্যায়ন	২৭	২৮/জে.মি
25/Gj mm	২৬/	২৭	২৮	২৯/টিজি মূল্যায়ন	৩০	